গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৪২২

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ / ০৩ ডিসেম্বর ২০২৪

**বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচীর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।**

সূত্র: মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭.২৬৯০.০৬৮.১৮.০০৬.২৪-৫৯৬; তারিখ: ২৭/১১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান উপদেষ্টার উদ্দীপক ঘোষণা-"এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" তা বাস্তবায়নে বাংলাদেশ প্রিমিয়ার লীগ-২০২৫ (বিপিএল) এর সাথে সমন্বয় করে মাসব্যাপি Youth Festival বাস্তবায়নের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১. আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাধ্যমে প্রতিদিন শ্রেণিকার্যক্রম চলাকালীন একটি নির্দিষ্ট সময়ে শ্রেণিকক্ষসহ নিজস্ব প্রতিষ্ঠান প্রাঙ্গণে পরিষ্কার - পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে;

২. জুলাই বিপ্লবকে অর্থবহ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে তুলে ধরার লক্ষ্যে সকল প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে তারুণ্য মেলা আয়োজন করতে হবে। মেলায় জুলাই বিপ্লবের প্রেক্ষাপট ও ফ্যাসিবাদী কার্যক্রমের তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে তুলে ধরতে হবে এবং ফ্যাসিবাদবিরোধী ব্যক্তিদের নিয়ে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে;

৩. তরুণদের উদ্ভাবনী ও উদ্যোক্তা কর্মী হিসেবে গড়ে তুলতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সফল উদ্যোক্তা ব্যক্তিদের জীবন ও সফলতার গল্প সপ্তাহে একদিন শ্রেণিচলাকালীন কোনো এক নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীদের নিকট তুলে ধরতে হবে; এবং

৪. পলিথিন প্লাস্টিক বর্জন ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সকলকে সচেতন করার লক্ষ্যে শিক্ষার্থী ও অভিভাবক সমন্বয়ে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে সমাবেশ করতে হবে।

এমতাবস্থায়, তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে এ বিভাগ সংশ্লিষ্ট উপরিউক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত রেখে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৬.১২.২০২৪
(দীপায়ন দাস শুভ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৮২

০১। চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। পরিচালক-১, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);

০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৫। মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) এর সদয় অবগতির জন্য];
০৬। সিনিয়র তথ্য অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ......০৩:০৭.২৬৯০:০৬৮:১৮.০০৬.২৪- ৫৯৬

তারিখ .১২ অগ্রহায়ণ ১৪৩১ ব.......
২৭ নভেম্বর ২০২৪ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচীর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ প্রিমিয়ার লীগের সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে একটি কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রণয়নকৃত কর্মসূচী অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উল্লেখ্য, মন্ত্রণালয়সমূহকে স্ব স্ব কার্যক্রম নিজস্ব ওয়েব সাইটে প্রদর্শন ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৭.১১.২৪
(মোহাম্মদ ফিজনূর রহমান)
পরিচালক-১
ফোনঃ ৫৫০২৯৪২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, প্রাথমকি ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
০৯। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), আগারগাঁও, ঢাকা।
০২। মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫।

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ❖ তারুণ্যের উৎসব বিষয়ক ফিচার প্রকাশের ব্যবস্থা করা; এবং<br>❖ সামাজিক যোগাযোগ মাধ্যম ও গণমাধ্যমে সচেতনতামূলক ফটোরিলিজ। | তথ্য অধিদফতর |
| | | ❖ তারুণ্যের উৎসব সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান আয়োজন; এবং<br>❖ উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার। | বাংলাদেশ টেলিভিশন |
| | | ❖ অধিদপ্তরের নিয়মিত প্রকাশনা সচিত্র বাংলাদেশ ও নবারুণ পত্রিকায় এ বিষয়ে বিশেষ প্রবন্ধ/নিবন্ধ প্রকাশ। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| | | ❖ তারুণ্যের উৎসব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষে আরডিসি (রেডিও কমার্শিয়াল) প্রচার; এবং<br>❖ তারুণ্যের উৎসব সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান আয়োজন। | বাংলাদেশ বেতার |
| | | ❖ বাংলাদেশ তারুণ্যের উৎসব সম্পর্কিত বিশেষ প্রচার (পথ সঙ্গীত, কথামালা) প্রচার কার্যক্রম গ্রহণ। | গণযোগাযোগ অধিদপ্তর |
| ০২। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ❖ জাতীয় সংসদের সামনে “এ্যাক্রোবেটিক শো” এর আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | | ❖ গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বইমেলার আয়োজন করবে এবং মেলায় বিক্রিত বই পরিবেশবান্ধব পাটের/কাপড়ের ব্যাগে ক্রেতাকে দিতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র |
| | | ❖ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন মেলার আয়োজন করবে এবং বিক্রিত কারুপণ্য পরিবেশবান্ধব পাটের/কাপড়ের ব্যাগে ক্রেতাকে দিতে হবে। | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| | | ❖ আর্ট গ্যালারীতে জুলাই বিপ্লবের চিত্র প্রদর্শনী। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ০৩। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ❖ নতুন বাংলাদেশ বিনির্মাণে প্রতিটি ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায় থেকে শুরু করে, উপজেলা ও জেলা পর্যায়ে পর্যায়ক্রমে একদিন করে 'তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ'-শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হবে; এবং<br>❖ জেলা পর্যায়ের কর্মশালা শেষে সকল জেলার প্রতিনিধির সমন্বয়ে 'তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ'-শীর্ষক তরুণ সমাবেশের আয়োজন করা হবে। | ১। ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ<br>২। পৌরসভা ও সিটি কর্পোরেশন;<br>৩। স্থানীয় সরকার বিভাগ<br>৪। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>৫। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৬। ঢাকা ওয়াসা<br>৭। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>৮। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ❖ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে সারাদেশের স্কুলের ছাত্রছাত্রীদের পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন (ওয়াস) এর বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে "কোনটি বেশী গুরুত্বপূর্ণ: হাত ধোয়া নাকি স্বাস্থ্য সম্মত পায়খানা" এর উপর বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করা হবে। | ১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ❖ তরুণদের সহযোগিতায় সারা বাংলাদেশে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং বর্জ্য-শূন্যতার প্রচার। | ১। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| | | ❖ জুলাই-আগস্ট ২০২৪ সালের অভ্যুত্থানে আহত ও অসমর্থ যুবকদের আর্থিক সহায়তা প্রদান। | ১। জেলা পরিষদসমূহ |
| | | ❖ সারাদেশে মশক নিধন ও জলাবদ্ধতা নিরসন কার্যক্রম গ্রহণ। | ১। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| | | ❖ স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ত হয়ে বির্তক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা ও জুলাই ৩৬ সংক্রান্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। | ১। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ০৪। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ❖ স্থানীয় প্রশাসন, পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তরের স্থানীয় দপ্তরের সহায়তায় খেলার মাঠের অথবা স্টেডিয়ামের আশেপাশের এলাকায় ব্যক্তি উদ্যোগে বনায়ন কর্মকান্ড তথা বৃক্ষরোপন কর্মকান্ডকে উৎসাহিত (Promote) করা;<br>❖ ফাস্ট ফুড, কফি শপ, খাবার ইত্যাদির দোকানে সিংগেল ইউজ প্লাস্টিকের ব্যবহার পরিহার করে পুন:ব্যবহারযোগ্য (Re-usable) উপকরণ ব্যবহার করার জন্য উৎসাহ প্রদান করা;<br>❖ সকল প্রকার খাবারজাত ওয়েষ্ট ম্যাটারিয়েল সংগ্রহের জন্য স্থানীয় প্রশাসনের তত্বাবধানে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, রোভার-স্কাউট ও স্থানীয় যুব সমাজের সমন্বয়ে "জিরো ওয়েষ্ট ব্রিগেড" গঠন করার কার্যক্রম গ্রহণ করা;<br>❖ খেলা দেখতে আসা বিভিন্ন দর্শকের সরকারী গাড়ি ও ব্যক্তিগত গাড়ির (Private Car) মালিক ও চালককে উচ্চ স্বরে গাড়ির হর্ণ বাজানো থেকে বিরত রাখা;<br>❖ খেলা আয়োজনে ব্যবহৃত উপকরণে প্লাস্টিক/ পলিথিন পরিহার করতে হবে;<br>❖ বর্জ ব্যবস্থাপনায় ও পরিবেশের উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে "Zero-Waste Champion" সম্মাননা প্রদান; | ১। পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তর |

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ❖ সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে "আমাদের বিদ্যালয় দূষণমুক্ত রাখতে আমাদের করণীয়" শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | | ❖ জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৫ এবং প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৫ প্রতিযোগিতা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪-এ সূচনা কার্যক্রম গ্রহণ করা হবে এবং তারুণ্যের উৎসব-২৫ চলাকালে প্রতিযোগিতার গুরুত্বপূর্ণ অঙ্গাভিত্তিক খেলাধুলা, সাংস্কৃতিক ও সাহিত্য প্রতিযোগিতাসমূহের আয়োজন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | | ❖ সবুজ বিদ্যালয় (Green School) ক্যাম্পেইন হিসেবে সকল প্রাথমিক বিদ্যালয়ে স্ব উদ্যোগে ঔষধি বৃক্ষ রোপন, ফুলের বাগান সৃজন এবং বিদ্যালয়ে ইতোপূর্বে রোপনকৃত বৃক্ষের পরিচর্যা করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | | ❖ তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ের নির্ধারিত লোগো এবং 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শ্লোগান সংবলিত ব্যানার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শন করা হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| | | ❖ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক আউট অব স্কুল চিলড্রেন প্রকল্পের অধীন সকল শিখন কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিবেশ দূষণরোধ অনুশীলন নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক<br>উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| | | ❖ শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক ট্রাস্টের অধীন পরিচালিত বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিবেশ দূষণরোধে কার্যক্রম গ্রহণ ও অনুশীলন নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| | | ❖ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ কর্তৃক অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ কার্যক্রমে তারুণ্যের উৎসব-২০২৫ বিষয়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ |
| ০৮। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ❖ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ "নতুন বাংলাদেশের জন্য তারুণ্য উৎসব" উদ্‌যাপনের লক্ষ্যে কর্মশালা আয়োজন করবে এবং এতে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে অতিথি করতে হবে;<br>❖ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব ব্যবস্থাপনায় ক্রীড়া প্রতিযোগিতাসহ পুরস্কার বিতরণীর আয়োজন করবে;<br>❖ প্রতিটি উপজেলায় বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব উদ্যোগে **T-10** ফরমেটে ক্রিকেট লীগের আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রতিটি উপজেলায় মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের খেলা পরিচালনার জন্য ০১জন মাদ্রাসা | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | শিক্ষক এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের খেলা পরিচালনার জন্য ০১ জন কারিগরি শিক্ষককে সমন্বয়কের দায়িত্ব প্রদান করতে হবে। সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজে আন্তঃপলিটেকনিক, আন্ত টেকনিক্যাল স্কুল ও কলেজে **T-10** ফরমেটে ক্রিকেট লীগের আয়োজন করতে হবে;<br>❖ ASSET প্রকল্পের সহায়তায় Skills Competition আয়োজন করতে হবে। শিক্ষার্থীগণ তাৎক্ষণিকভাবে Competition এর দিনেই Skills প্রদর্শন করবেন। পরীক্ষকগণ উপস্থাপিত Skills মূল্যায়ন করে ফলাফল প্রকাশ এবং পুরস্কার প্রদান করবেন; এবং<br>❖ Skills Competition সরকারি এবং বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত রাখতে হবে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের যে কোনো শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে তার দক্ষতা প্রদর্শন করতে পারবে। এ প্রতিযোগীতা জাতীয় ও বিভাগীয় পর্যায়ে আয়োজন করতে হবে। | |
| ০৯। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ❖ দেশের সকল মাধ্যমিক (সরকারি/বেসরকারি) বিদ্যালয় এবং সকল কলেজে (সরকারি/ বেসরকারি) শিক্ষার্থীদের মাধ্যমে প্রতিদিন শ্রেণিকার্যক্রম চলাকালীন এক নির্দিষ্ট সময়ে শ্রেণিকক্ষসহ নিজস্ব প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা করা;<br>❖ জুলাই বিপ্লবকে অর্থবহ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে তুলে ধরার লক্ষ্যে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণিকার্যক্রমের পর তারুণ্য মেলা আয়োজন। মেলায় জুলাই বিপ্লবের প্রেক্ষাপট ও ফ্যাসিবাদী কার্যক্রম তথ্য চিত্র প্রদর্শনের মাধ্যমে তুলে ধরা এবং ফ্যাসিবাদবিরোধী ব্যক্তিদের নিয়ে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা করা;<br>❖ তরুণদের উদ্ভাবনী ও উদ্যোক্তা কর্মী হিসেবে গড়ে তুলতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশসহ বিশ্বের সফল উদ্যোক্তা ব্যক্তিদের জীবন ও সফলতার গল্প সপ্তাহে একদিন শ্রেণিচলাকালীন কোনো এক নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীদের নিকট তুলে ধরা; এবং<br>❖ পলিথিন প্লাস্টিক বর্জন ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সকলকে সচেতন করার লক্ষ্যে শিক্ষার্থী ও অভিভাবক সমন্বয়ে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে সমাবেশ করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| ১০। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ❖ ব্যাডমিন্টন প্রতিযোগিতা। | ১। ব্যাডমিন্টন ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ❖ ভলিবল প্রতিযোগিতা। | ১। ভলিবল ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| | | ❖ সাঁতার প্রতিযোগিতা। | ১। সাঁতার ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| | | ❖ SIXERS (৬ জনের ৬ ওভারের ক্রিকেট টুর্নামেন্ট)। | ১। বাংলাদেশ ক্রিকেট বোর্ড<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| | | ❖ কাবাডি প্রতিযোগিতা। | ১। কাবাডি ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| | | ❖ বাস্কেটবল প্রতিযোগিতা। | ১। বাস্কেটবল ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| | | ❖ যুব সমাবেশ অনুষ্ঠান (সকল বিভাগ, সকল জেলা ও সকল উপজেলা)। | ১। বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান |
| | | ❖ পরিস্কার পরিবেশ, পরিচ্ছন্ন খেলার মাঠ। | ১। জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। পরিবেশ অধিদপ্তর |
| | | ❖ মশক নিধন ও জলাশয় পরিচ্ছন্ন কর্যক্রম। | ১। জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। পরিবেশ অধিদপ্তর |

| ক্রমিক | মন্ত্রণালয় | কর্মসূচী | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ❖ পলিথিন বর্জন করে পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধিকল্পে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ। | ১। জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। পরিবেশ অধিদপ্তর |
| | | ❖ যুব উদ্যোক্তাদের পণ্য প্রদর্শনী। | ১। জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। স্থানীয় যুব উদ্যোক্তা |
| | | ❖ প্লাস্টিক-পণ্যের বিকল্প ব্যবহার-বিষয়ক কর্মশালা। | ১। জেলা ও উপজেলা প্রশাসন<br>২। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৩। পরিবেশ অধিদপ্তর |
| | | ❖ জুলাই-আগস্ট বিপ্লবে অংশগ্রহণকারী যুবদের মধ্যে থেকে ডেমোক্রেসি অ্যাওয়ার্ড প্রদান। | ১। জেলা ও উপজেলা প্রশাসন |
| | | ❖ কিশোর-কিশোরীদের পুষ্টি বিষয়ক সচেতনতা কার্যক্রম ও নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন (সকল বিভাগ, সকল জেলা ও সকল উপজেলা)। | ১। বিআইআইডি (BIID) ফাউন্ডেশন<br>২। জেলা/উপজেলা প্রশাসন<br>৩। যুব উন্নয়ন অধিদপ্তর |
| | | ❖ তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্ট-২০২৫ আয়োজন। | ১। ফুটবল ফেডারেশন<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। জেলা ক্রীড়া সংস্থা<br>৪। জেলা ক্রীড়া কর্মকর্তা |
| ১১। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ❖ পিঠা উৎসব। | ১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২। জেলা ও উপজেলা প্রশাসন<br>৩। যুব উন্নয়ন অধিদপ্তর<br>৪। স্থানীয় উদ্যোক্তা |
| ১২। | পররাষ্ট্র মন্ত্রণালয় | ❖ বিদেশে বাংলাদেশ মিশনসমুহ বাংলাদেশী বংশোদভূত সম্প্রদায়ের সমন্বয়ে যথাযথ কর্মসূচী পালন করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |